# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
# সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
# সড়ক ও জনপথ অধিদপ্তর

## সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং উন্নয়ন সহযোগী বিশ্ব ব্যাংক এর যৌথ অর্থায়নে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উদ্যোগে সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) কর্তৃক বাস্তবায়নাধীন "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প" এর বিদ্যমান ও প্রস্তাবিত রাইট অব ওয়েতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষতিপুরণ ও পুনর্বাসন সুবিধাদি প্রদানের নিমিত্তে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (Resettlement Action Plan) এর উপর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত ভুমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পুর্নবাসন বাজেট মূল্যায়নের জন্য বিশেষ কারিগরি কমিটি কর্তৃক যাচাই ও বাছাইঅন্তে প্রণয়নকৃত প্রতিবেদন।

বিশ্ব ব্যাংক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত ঋণচুক্তি

আই.ডি.এ. ক্রেডিট নং ৭১৬৬-বিডি

Contract Package: WP-01/Lot-01 (Chainage No-0+000 to Chainage 18+900)

Contract Package: WP-01/Lot-02 (Chainage No-18+900 to Chainage 36+900)

and Contract Package: WP-01/Lot-03 (Chainage No-36+900 to Chainage 43+000)

সিলেট শহরের কদমতলী স্কয়ার হতে শেওলা স্থল বন্দর পর্যন্ত মোট সড়কের দৈর্ঘ্য ৪৩.০০ কিঃমিঃ

# পুনর্বাসন কর্ম পরিকল্পনার প্রতিবেদন

নভেম্বর ২০২৫

# পুনর্বাসন কর্ম পরিকল্পনার সার-সংক্ষেপ

## ক. প্রকল্পের বর্ণনা

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংক এর যৌথ অর্থায়নে "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প" টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্ব ব্যাংকের মধ্যে Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS) Program - Bangladesh Phase-1 প্রকল্পের অর্থায়নের জন্য একটি ঋণ চুক্তি (বিশ্ব ব্যাংক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত ঋণচুক্তি আই.ডি.এ. ক্রেডিট নং ৭১৬৬-বিডি ) স্বাক্ষরিত হয়েছে। এই প্রকল্পটি Multiphase Programmatic Approach (MPA) এর অংশ। বৈদেশিক সহায়তাপুষ্ট এই প্রকল্পের অধীনে সিলেট শহরের কদমতলী স্কয়ার হতে শেওলা স্থল বন্দর পর্যন্ত ৪৩.০০ কিঃমিঃ দীর্ঘ মহাসড়কটি বিদ্যমান ২ (দুই) লেনের একক ক্যারেজওয়ে থেকে জলবায়ু সহিষ্ণু চার লেনের দ্বৈত ক্যারেজওয়েতে উন্নীতকরণ, শেওলা স্থলবন্দরকে ঢাকা-সিলেট মহাসড়কের সাথে সংযুক্ত করাই প্রধান উদ্দেশ্য । প্রকল্পটি ১১ এপ্রিল ২০২৩ তারিখে একনেক (ECNEC) সভায় বাংলাদেশ সরকার (GoB) কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটি আওতাভূক্ত এলাকা সিলেট জেলা। সিলেট জেলার ৪টি উপজেলা (সিলেট সদর, দক্ষিন সুরমা, গোপালগঞ্জ এবং বিয়ানিবাজার) উপর দিয়ে এই সিলেট-চারখাই-শেওলা মহাসড়কটি শেওলা স্থল বন্দরকে সংযুক্ত করিবে। উল্লেখিত এই মহাসড়কটি নির্মিত হলে জাতীয় ও আর্ন্তজাতিক সড়ক পরিবহন করিডোর হিসেবে বিবেচিত হবে। যাত্রী এবং পন্য পরিবহনের ক্ষেত্রে একটি নতুন দ্বার উম্মোচিত হবে।

২. সিলেট-চারখাই-শেওলা সড়কটি জাতীয় মহাসড়ক নেটওয়ার্কের একটি গুরুত্বপূর্ণ সংযোগ। ধীরগতির যানবাহন চলাচল (SMVT) অথবা মোটরবিহীন/অযান্ত্রিক যানবাহন চলাচল (NMT) এর জন্য আলাদা কোনো ব্যবস্থা নেই। সংকীর্ণ জংশন, রাস্তার পাশে পার্কিং, বাজার, এবং নির্মিত (built-up) এলাকাগুলির কারণে সক্ষমতার সীমাবদ্ধতা রয়েছে। রিক্সা, বাইসাইকেল, মোটরসাইকেল, গাড়ি, বাস ও ট্রাকসহ বিভিন্ন ধরনের যানবাহনে উপচে পড়া ভিড় থাকায় সড়কে অপর্যাপ্ত সড়ক নিরাপত্তা বিদ্যমান রয়েছে। যানবাহন বিকল হলে এটি মহাসড়ককে একক লেনে পরিনত করে দেয়। ফলে যানবাহন চলাচলে বিলম্ব ও যানজটের সৃষ্টি হয়। সীমান্তবর্তী স্থানসহ রাস্তাটির অবস্থা শোচনীয় পর্যায়ে রয়েছে। নিঃসন্দেহে, এটি শেওলা স্থলবন্দরের আন্তঃসীমান্ত বাণিজ্য এবং পার্শ্ববর্তী অঞ্চলের কৃষি প্রবৃদ্ধির উপর ক্ষতিকর প্রভাব ফেলে।

৩. সিলেট-চারখাই-শেওলা সড়কটি উন্নীতকরণের লক্ষ্য হলো, মহাসড়কের উভয় পাশে পৃথক সার্ভিস লেন তৈরী করার মাধ্যমে স্থানীয় যানবাহন এবং ধীরগতির যানবাহন চলাচল (SMVT) এর জন্য পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করা, বয়স্ক, মহিলা, শিশু ও বিভিন্ন প্রতিবন্ধী ব্যক্তিদের (EWCD) জন্য সহজ যোগাযোগ বান্ধব মহাসড়ক ও সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণ করে ঝুঁকিপূর্ণ সড়ক ব্যবহারকারীদের জন্য একটি নিরাপদ সড়ক নিশ্চিত করা এবং সড়ক দুর্ঘটনা ও দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, এবং BBIN করিডোর, SASEC করিডোর, এশিয়ান হাইওয়ে, BIMSTEC করিডোর, BCIM করিডোর, SAARC করিডোরের সাথে আঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি করা এবং দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখা।

৪. সিলেট-চারখাই-শেওলা বিদ্যমান সড়কটিকে চারলেনে উন্নীত করা হলে সড়কটির সক্ষমতা বৃদ্ধি পাবে, যা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে এবং উপ-আঞ্চলিক সহযোগিতা ও বাণিজ্য সহজতর করবে। এর ফলে বাজারে পণ্য পরিবহন এবং সামাজিক সুবিধা ও পরিষেবা পাওয়ার ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পাবে।

৫. বিশ্ব ব্যাংকের পরিবেশগত ও সামাজিক কাঠামো (ESF) এবং পরিবেশগত ও সামাজিক স্ট্যান্ডার্ড ৫ (ESS5): "ভূমি অধিগ্রহণ, ভূমি ব্যবহারের সীমাবদ্ধতা এবং অনিচ্ছাকৃত পুনর্বাসন (Land Acquisition, Restrictions on Land Use and Involuntary Resettlement)" অনুসরণ করে ACCESS Program এর জন্য একটি পুনর্বাসন নীতিমালা কাঠামো (RPF) প্রস্তুত করা হয়। ইতিপূর্বে ADB এর অর্থায়নে TA প্রকল্পের আওতায় ADB এর সুরক্ষা নীতির উপর ভিত্তি করে সম্ভাব্যতা যাচাইয়ের সময় একটি পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুত করা হয়। বর্তমান পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP)-টি সর্বশেষ শুমারির তথ্য ও সামগ্রিক মূল্যায়নের (Assessment) ভিত্তিতে হাল নাগাদ করে বিশ্ব ব্যাংকের ESS5 এর আলোকে প্রণয়ন করা হয়।

৬.ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের ক্ষতিপূরণ ও পুনর্বাসনের নিমিত্ত সড়কের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প এলাকায় জুলাই ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সময়ে Socio-Economic Survey (SES) সম্পন্ন করেন। সড়কের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প এলাকায় Socio-Economic Survey (SES) হতে প্রাপ্ত তথ্য ,উপাত্ত এবং বিশ্ব ব্যাংকের প্রণীত পরিবেশগত ও সামাজিক মানদন্ডসমূহ Environmental & Social Standards (ESS5) সমুহ অনুসরন পূর্বক সড়কের রাইট অব ওয়েতে (সরকারি ভূমিতে) ক্ষতিগ্রস্ত নন-টাইটেল ব্যক্তিবর্গ ও সামাজিক প্রতিষ্ঠানের ক্ষতিপূরণ ও পুনর্বাসন সুবিধাদি প্রদানের নিমিত্ত এবং প্রকল্পের সড়ক নির্মানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের জরিপকৃত যে নূন্যতম ভূমি অধিগ্রহনের (Titled Holder) প্রয়োজন হবে অনুমোদিত ডিপিপি, প্রস্তাবিত পুর্নবাসন পরিকল্পনা এবং SES হতে প্রাপ্ত তথ্য ,উপাত্ত অনুসারে প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) প্রনয়ন করা হয়েছে। বর্তমানে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কাজও চলমান রয়েছে।

## খ. ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের প্রভাব

৬. পূর্বে অধিগ্রহণকৃত ভূমি ব্যবহার করেই সিলেট-চারখাই-শেওলা সড়কের উন্নয়ন করা হবে। যেখানে বিদ্যমান রাস্তার সংরক্ষিত জায়গা ধীরগতির যানবাহন ট্র্যাফিক লেনসহ ২-লেন থেকে ৪-লেনের মহাসড়কের উন্নয়নের জন্য পর্যাপ্ত নয় সেক্ষেত্রে অতিরিক্ত জমির প্রয়োজন হবে। এছাড়া রাস্তাটি পর্যাপ্ত পরিমাণে সোজা করার জন্যও অতিরিক্ত জমির প্রয়োজন হবে। ৪৩ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের জন্য সিলেট জেলার আওতাধীন বেসরকারি ও অন্যান্য সংস্থার মালিকানাধীন ১৬৮.৪৩০৩ একর জমি অধিগ্রহণের প্রয়োজন। লট (Lot) অনুসারে অধিগ্রহণযোগ্য জমির শ্রেণি ভিত্তিক একটি বিস্তারিত বিবরণ **টেবিল ২-১** এ উপস্থাপন করা হয়েছে।

৭. প্রকল্প এলাকায় মোট ১,৬০১টি ক্ষতিগ্রস্ত খানা (Households),সামাজিক প্রতিষ্ঠান (CPR) ও অন্যান্য সত্ত্বাধিকারী প্রতিষ্ঠান সমূহ রয়েছে। এখানে মূখ্য ও গৌণ অবকাঠামো হারানোর ফলে মোট ১,৪৫৭টি খানা (যাদের মধ্যে ৭৭১টি টাইটেল খানা ও ৬৮৬টি নন-টাইটেল খানা) ক্ষতিগ্রস্ত হবে। মোট ৬৭টি সিপিআর (৫২টি টাইটেল এবং ১৫টি নন-টাইটেল) এবং ৭৭টি সরকারী এবং অন্যান্য সত্ত্বাধিকারী (২১টি টাইটেল এবং ৫৬টি নন-টাইটেল) সড়কটির এলাইমেন্ট বরাবর ক্ষতিগ্রস্ত হবে। সর্বমোট ৬,৮৩৫ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি (যার মধ্যে ১,৪৫৭টি ক্ষতিগ্রস্ত খানার অধীনে ৫,৬৩২ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং ১,২০৩ জন স্বতন্ত্র ক্ষতিগ্রস্ত ব্যক্তি যারা ভাড়াটিয়া ও মজুরি উপার্জনকারী)। বিশ্ব ব্যাংকের পুনর্বাসন নীতিমালা কাঠামো (RPF) এবং পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP)-এর প্রাপ্যতা সারণী [Entitlement Matrix (EM)] অনুযায়ী সকল নীতিবাচক প্রভাব প্রশমন ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. শুমারি অনুযায়ী পরোক্ষ প্রভাব সহ প্রকল্পের সামগ্রীক ক্ষয়ক্ষতির প্রভাব নিম্নে উপস্থাপিত হয়েছে।

**টেবিল ০-১: সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পে লট (Lot) অনুসারে সার্বিক প্রকল্পের প্রভাব**

| ক্রমিক নং | | প্রকল্পের প্রভাবসমূহ | একক | একক / পরিমান | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | লট-১ | লট-২ | লট-৩ | মোট |
| **প্রকল্পের জন্য অনৈচ্ছিক ভূমি অধিগ্রহণ** | | | | | | | |
| ক | | জমির পরিমান যা অধিগ্রহণ করতে হবে (একর) | একর | ৭০.৯৪৯২ | ৫৩.২১০৩ | ৪৪.২৭০৮ | ১৬৮.৪৩০৩ |
| **ভূমি অধিগ্রহণের কারণে খানা (Household), সামাজিক প্রতিষ্ঠান (CPR) ও অন্যান্য সত্তা (Entity) এর উপর প্রভাব** | | | | | | | |
| খ-১ | ১ | প্রাথমিক ও গৌণ উভয় অবকাঠামো হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত খানা সমূহ | সংখ্যা | ৮৯ | ৪৯ | ৩৭ | ১৭৫ |
| | ২ | শুধু প্রাথমিক অবকাঠামো হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত খানা সমূহ | সংখ্যা | ৫৮৮ | ৪৯০ | ১০৫ | ১,১৮৩ |
| | ৩ | শুধু গৌণ অবকাঠামো হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত খানা সমূহ | সংখ্যা | ৫৯ | ৩০ | ১০ | ৯৯ |
| | **মোট ক্ষতিগ্রস্ত খানাসমূহ** | | **সংখ্যা** | **৭৩৬** | **৫৬৯** | **১৫২** | **১,৪৫৭** |
| খ-২ | ১ | ব্যক্তিগত জমিতে ক্ষতিগ্রস্ত সামাজিক প্রতিষ্ঠান (CPR)-সমূহ | সংখ্যা | ২৩ | ১৮ | ১১ | ৫২ |
| | | সরকারি জমিতে ক্ষতিগ্রস্ত সামাজিক প্রতিষ্ঠান (CPR)-সমূহ | সংখ্যা | ১০ | ৩ | ২ | ১৫ |
| | | **ক্ষতিগ্রস্ত সামাজিক প্রতিষ্ঠান (CPR)-সমূহ** | **সংখ্যা** | **৩৩** | **২১** | **১৩** | **৬৭** |
| | ২ | জমির মালিকানা সহ অন্যান্য সত্তা (Entity) সমূহ | সংখ্যা | ১৬ | ৪ | ১ | ২১ |
| | | জমির মালিকানা ছাড়া অন্যান্য সত্তা (Entity) সমূহ | সংখ্যা | ৩২ | ২১ | ৩ | ৫৬ |
| | | **ক্ষতিগ্রস্ত সরকারি অফিস / সংস্থা ও অন্যান্য সত্তা (Entity) সমূহ** | ***সংখ্যা*** | ***৪৮*** | ***২৫*** | ***৪*** | **৭৭** |
| | **মোট ক্ষতিগ্রস্ত সামাজিক প্রতিষ্ঠান (CPR), সরকারি অফিস / সংস্থা ও অন্যান্য সত্তা (Entity) সমূহ** | | **সংখ্যা** | **৮১** | **৪৬** | **১৭** | **১৪৪** |
| **খ** | | **মোট ক্ষতিগ্রস্ত খানা (Household), সামাজিক প্রতিষ্ঠান (CPR), এবং অন্যান্য সত্তা (Entity) সমূহ (খ-১ ও খ-২ এর যোগফল)** | **সংখ্যা** | **৮১৭** | **৬১৫** | **১৬৯** | **১,৬০১** |
| গ | গ-১ | আবাসস্থল হারানো ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ১১২ | ৬০ | ৫৩ | ২২৫ |
| | গ-২ | নিজস্ব বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ২৭৩ | ১৩৭ | ৩৮ | ৪৪৮ |
| | গ-৩ | নিজস্ব আবাসিক-সহ-বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ৫৭ | ২২ | ১৯ | ৯৮ |
| | **মোট আবাসিক, বাণিজ্যিক এবং আবাসিক-সহ-বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা সমূহ (গ-১, গ-২ ও গ-৩ এর যোগফল)** | | **সংখ্যা** | **৪৪২** | **২১৯** | **১১০** | **৭৭১** |
| ঘ | ঘ-১ | আবাসস্থল হারানো ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ১৭ | ২১ | ৬ | ৪৪ |
| | ঘ-২ | নিজস্ব বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ২৭৪ | ৩২৩ | ৩৪ | ৬৩১ |
| | ঘ-৩ | নিজস্ব আবাসিক-সহ-বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহ | সংখ্যা | ৩ | ৬ | ২ | ১১ |
| | **মোট আবাসিক, বাণিজ্যিক এবং আবাসিক-সহ-বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহ (গ-১, গ-২ ও গ-৩ এর যোগফল)** | | **সংখ্যা** | **২৯৪** | **৩৫০** | **৪২** | **৬৮৬** |
| **মোট আবাসিক, বাণিজ্যিক এবং আবাসিক-সহ-বাণিজ্যিক অবকাঠামো হারানো ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) ও স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহ (গ ও ঘ এর যোগফল)** | | | **সংখ্যা** | **৭৩৬** | **৫৬৯** | **১৫২** | **১,৪৫৭** |
| ঙ | **স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) এবং স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা (Household) সমুহের ক্ষতিগ্রস্ত প্রাথমিক অবকাঠামোর আয়তন (এরিয়া), যার মধ্যে সামাজিক প্রতিষ্ঠান (CPR) ও অন্যান্য সত্তা (Entity) সমূহ অন্তর্ভুক্ত রয়েছে** | | | | | | |
| | ঙ-১ | ক্ষতিগ্রস্ত পাকা প্রাথমিক অবকাঠামোর আয়তন (এরিয়া) | বর্গফুট | ২৩৮,৮১৪ | ৬৩,৫২৪ | ৪৫,৮৬৬ | **৩৪৮,২০৪** |
| | ঙ-২ | ক্ষতিগ্রস্ত সেমী-পাকা প্রাথমিক অবকাঠামোর আয়তন (এরিয়া) | বর্গফুট | ১০৬,৫১৭ | ৭২,০৫৫ | ৫৩,১৩৪ | **২৩১,৭০৬** |
| | ঙ-৩ | ক্ষতিগ্রস্ত টিনের তৈরী প্রাথমিক অবকাঠামোর আয়তন (এরিয়া) | বর্গফুট | ১৫,০৭১ | ২৯,৩৮৬ | ২৬,৮২৬ | **৭১,২৮৩** |
| | ঙ-৪ | ক্ষতিগ্রস্ত কাঁচা প্রাথমিক অবকাঠামোর আয়তন (এরিয়া) | বর্গফুট | ১২,৪০৮ | ১৭,৪১০ | ৪,৫৭৮ | **৩৪,৩৯৬** |
| চ | **সামাজিক প্রতিষ্ঠান (CPR) ও অন্যান্য সত্তা (Entity) সমূহ সহ স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) ও স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা (Household) সমূহের গৌণ অবকাটামোর অন্তর্গত মূখ্য আইটেমগুলি** | | | | | | |
| | চ-১ | ক্ষতিগ্রস্ত কবরস্থান | সংখ্যা | ১৪৪ | ৫ | ১০০ | **২৪৯** |
| | চ-২ | ক্ষতিগ্রস্ত টয়লেট | সংখ্যা | ৫৫ | ৩৯ | ২৪ | **১১৮** |

**টেবিল ০-১: সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পে লট (Lot) অনুসারে সার্বিক প্রকল্পের প্রভাব**

| ক্রমিক নং | | প্রকল্পের প্রভাবসমূহ | একক | একক / পরিমান | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | লট-১ | লট-২ | লট-৩ | মোট |
| | চ-৩ | ক্ষতিগ্রস্ত নলকূপ | সংখ্যা | ২৩ | ১৪ | ১৯ | ৫৬ |
| ছ | ছ-১ | ব্যক্তিগত ও অন্যান্য সংস্থার জমির মোট ক্ষতিগ্রস্ত গাছ | সংখ্যা | ৮,৪২৭ | ১,৯৯০ | ৪,৫৩১ | ১৪,৯৪৮ |
| | ছ-২ | বন বিভাগের অধীনে সামাজিক বনায়নের মালিকানাধীন অপরিপক্ক গাছ | সংখ্যা | | | ৭৬৫ | ৭৬৫ |
| | **মোট ক্ষতিগ্রস্ত গাছ (ছ-১ ও ছ-২ এর যোগফল)** | | সংখ্যা | **৮,৪২৭** | **১,৯৯০** | **৫,২৯৬** | **১৫,৭১৩** |
| জ-১ | ১ | ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা পরিচালিত ক্ষুদ্র ব্যবসা | সংখ্যা | ৫৩ | ৫১ | ১৫ | ১১৯ |
| | ২ | ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা পরিচালিত ক্ষুদ্র ব্যবসা | সংখ্যা | ১৯৭ | ২০৬ | ২২ | ৪২৫ |
| | ৩ | ক্ষতিগ্রস্ত ভাড়াটিয়া পরিচালিত ক্ষুদ্র ব্যবসা | সংখ্যা | ২৬২ | ২২২ | ৭৯ | ৫৬৩ |
| | **ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল), স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা ও ভাড়াটিয়া পরিচালিত ক্ষুদ্র ব্যবসা** | | **সংখ্যা** | **৫১২** | **৪৭৯** | **১১৬** | **১,১০৭** |
| জ-২ | ১ | ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) খানা পরিচালিত বৃহৎ ব্যবসা | সংখ্যা | ১৯ | ৯ | ৫ | ৩৩ |
| | ২ | ক্ষতিগ্রস্ত স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা পরিচালিত বৃহৎ ব্যবসা | সংখ্যা | ০ | ২ | ১ | ৩ |
| | ৩ | ক্ষতিগ্রস্ত ভাড়াটিয়া পরিচালিত বৃহৎ ব্যবসা | সংখ্যা | ১৩১ | ৬৯ | ১৬ | ২১৬ |
| | **ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল), স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) ও ভাড়াটিয়া পরিচালিত বৃহৎ ব্যবসা** | | **সংখ্যা** | **১৫০** | **৮০** | **২২** | **২৫২** |
| জ | | **মোট ক্ষতিগ্রস্ত স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল), স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা ও ভাড়াটিয়া পরিচালিত ক্ষুদ্র এবং বৃহৎ ব্যবসা** | **সংখ্যা** | **৬৬২** | **৫৫৯** | **১৩৮** | **১,৩৫৯** |
| ঝ | | স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) ও স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহের অধীনে ভাড়া দেওয়া সম্পত্তির ক্ষতিগ্রস্ত মালিকসমূহ | সংখ্যা | ২৪৫ | ১৭৩ | ৫৭ | ৪৭৫ |
| ঞ | | স্বত্বাধিকরী (আইনসম্মত/টাইটেল) ও স্বত-বিহীন (স্কোয়াটার/নন-টাইটেল) খানা সমূহের অধীনে ক্ষতিগ্রস্ত ভাড়াটিয়াসমূহ | সংখ্যা | ৪৬৬ | ৩১১ | ১৩৩ | ৯১০ |
| ট | | সাময়িক আয় হারানো হিসেবে ক্ষতিগ্রস্ত মজুরি উপার্জনকারীসমূহ | সংখ্যা | ১৫৭ | ১১৭ | ১৯ | ২৯৩ |
| ঠ | | মোট আয়ের ১০% হারানো (গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত) এবং ঝুঁকিপূর্ণ খানা সমূহ (পুরুষ-২২৮ ও মহিলা-১৫) এবং (১৭০ আইনসম্মত/টাইটেল খানা ও ৭৩ স্কোয়াটার/নন-টাইটেল খানা) | সংখ্যা | ১৫৩ | ৭৬ | ১৪ | ২৪৩ |
| ড | | ক্ষতিগ্রস্ত খানা সমূহের অন্তর্গত প্রকল্পে ক্ষতিগ্রস্ত জনসংখ্যা | সংখ্যা | ২,৪২৯ | ২,৪৮৩ | ৭২০ | ৫,৬৩২ |

*উৎস: বিসিএল কর্তৃক পরিচালিত শুমারি জরিপ, জুলাই – ডিসেম্বর ২০২৪*

*দ্রষ্টব্য: (i) ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকদের উপর ভিত্তি করে ক্ষতিগ্রস্ত খানা সমূহ বিবেচনা করা হয়েছে।*

*(ii) PAVC এবং জেলা প্রশাসকের রোয়েদাদ বইয়ের যৌথ জরিপের পর মোট প্রভাব পরিবর্তন হতে পারে, যার ফলে পুনর্বাসন কর্ম-পরিকল্পনা (RAP) হালনাগাদ (আপডেট) করা হবে।*

## গ. আর্থ-সামাজিক প্রোফাইল

৯. এই পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) এর তৃতীয় অধ্যায় এ প্রকল্পের আওতায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আর্থ-সামাজিক প্রোফাইলের বিস্তারিত বর্ণনা করা হয়েছে। ক্ষতিগ্রস্ত খানা সমূহের আর্থ-সামাজিক অবস্থা, লিঙ্গ ভিত্তিক জনসংখ্যা ও তাদের বার্ষিক আয়ের সার-সংক্ষেপ নিম্নে বর্ণনা করা হয়েছে:

অ. লিঙ্গ ভিত্তিক ক্ষতিগ্রস্ত খানা এবং জনসংখ্যার বন্টন - মোট ক্ষতিগ্রস্ত খানা ১,৪৫৭টি, পুরুষ-প্রধান খানার সংখ্যা ১,৪০৬টি (৯৬.৫০%) [যার মধ্যে লট-১, লট-২ ও লট-৩ এ আছে যথাক্রমে ৭১০টি (৯৬.৪৭%), ৫৫৫টি (৯৭.৫৪%) ও ১৪১টি (৯২.৭৬%)], এখানে মহিলা প্রধান খানার সংখ্যা ৫১টি (৩.৪৮%) [যার মধ্যে লট-১, লট-২ ও লট-৩ এ আছে যথাক্রমে ২৬টি (৩.৫৩%), ১৪টি (২.৪৬%) ও ১১টি (৭.২৪%)] (রেফারেন্স টেবিল-৩-১)। অন্যদিকে ক্ষতিগ্রস্ত খানার পুরুষ, মহিলা এবং হিজড়া (তৃতীয় লিঙ্গ) সহ জনসংখ্যা হলো যথাক্রমে ৩,১৩৫, ২,৪৯৫ এবং ২ জন (টেবিল ৩-৩)। প্রকল্প এলাকায় স্বতন্ত্র ক্ষতিগ্রস্ত জনসংখ্যা ১,২০৩ জন, যার মধ্যে ৯১০ জন ভাড়াটিয়া (৮৮৬ জন পুরুষ ও ২৪ জন মহিলা), যেখানে ১৩১ জন আবাসিক ভাড়াটিয়া, ৩৪০ জন বাণিজ্যিক ভাড়াটিয়া ও ৪৩৯ জন আবাসিক-কাম-বাণিজ্যিক ভাড়াটিয়া এবং ২৯৩ জন মজুরি উপার্জনকারী (২৮৮ জন পুরুষ ও ৫ জন মহিলা) রয়েছে (টেবিল ৩-৪)।

আ. **ক্ষতিগ্রস্ত খানার বার্ষিক আয়-** মোট ক্ষতিগ্রস্ত খানা সংখ্যা ১,৪৫৭টি, যাদের মধ্যে সর্বোচ্চ ৫৫৯টি (৩৮.৩৯%) খানার বার্ষিক আয়ের স্তর ১৪৪,০০১ থেকে ৩০০,০০০ টাকা এবং গড় বার্ষিক আয় ২৩৫,৯৬৫ টাকা। ৩৪২ টি (২৩.৪৭%) খানার বার্ষিক আয়ের স্তর ৩০০,০০১ থেকে ৫০০,০০০ টাকা এবং গড় বার্ষিক আয় মাত্র ৩৯৪,৭৫৭ টাকা। প্রস্তাবিত প্রকল্পে দারিদ্র্য সীমা নির্ধারণের সর্বোচ্চ বার্ষিক আয় ১৪৪,০০০ টাকা পর্যন্ত বিবেচনা করা হয়েছে। ১,৪৫৭টি ক্ষতিগ্রস্ত খানার মধ্যে ৬৭টি (৪.৫৩%) খানার বার্ষিক আয় ১৪৪,০০০ টাকার মধ্যে(**টেবিল-৩-১১**)। যাদেরকে হতদরিদ্র খানা হিসেবে বিবেচনা করা হয়।

১০. পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) বাস্তবায়ন/জেলা প্রশাসকের রোয়েদাদ চুড়ান্তকরন/যৌথ জরিপ ও যাচাইকরণের পর শুমারির তথ্য পরিবর্তন হতে পারে এবং সে অনুযায়ী পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) হালনাগাদ (আপডেট) করা হবে।

## ঘ. তথ্য অবমুক্তকরণ, মতবিনিময় (পরামর্শ) ও অংশগ্রহণ

১১. ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গকে সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাবলী যেমন প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, তাদের উপর সম্ভাব্য সামাজিক, ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসনের প্রভাব এবং ARIPA ২০১৭, সেইসাথে বিশ্ব ব্যাংকের পরিবেশগত ও সামাজিক স্ট্যান্ডার্ড ESS5 সম্পর্কে অবহিত করা হয়েছে। সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা জরিপ এবং ডিজাইন (নকশা প্রণয়ন) সম্পাদনকালে জনসাধারণের সাথে ০১ (এক)টি মতবিনিময় সভা, ০৪ (চার)টি ফোকাস দলীয় আলোচনা সভা ও ০১ (এক)টি কমিউনিটি মতবিনিময় সভা পরিচালিত হয়। মোট ৫৭১ জন অংশগ্রহণকারী এসকল সভায় উপস্থিত ছিলেন।

১২. পুনর্বাসন নীতিমালা কাঠামো (RPF) প্রস্তুতকালে প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ ও কমিউনিটির সাথে ০৬ (ছয়)টি ফোকাস দলীয় আলোচনা

সভা এবং ০১ (এক)টি কমিউনিটি মতবিনিময় সভা পরিচালিত হয়।

১৩. ইঞ্জিনিয়ারিং নকশা হালনাগাদ ও পুর্নবাসন কর্ম পরিকল্পনা প্রনয়ন করার লক্ষ্যে জুলাই ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৪ সময়কালে, পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) এবং শুমারির প্রস্তুতি সহ মোট ১৭৮ জনের অংশগ্রহণে ০৪ (চার)টি স্টেকহোল্ডার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়, যার মধ্যে ১৪৯ জন পুরুষ ও ২৯ জন মহিলা উপস্থিত ছিলেন; ১৮ (আঠারো)টি ফোকাস দলীয় আলোচনা সভা হয়, যেখানে মোট ১৭৯ জন অংশগ্রহণ করেন, যার মধ্যে ১৩৮ জন পুরুষ ও ৪১ জন মহিলা; এবং ৩৯ (উনত্রিশ)টি মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার [Key Informant Interviews (KIIs)] গ্রহন করা হয়, যেখানে মোট ১৯৫ জন অংশগ্রহণ করেন, যার মধ্যে ১৭২ জন পুরুষ ও ২৩ জন মহিলা। উল্লেখিত পরামর্শ ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের প্রেক্ষিতে প্রকল্পে গৃহীত ক্ষয়ক্ষতি নিরসন ব্যবস্থা সম্পর্কে স্টেকহোল্ডারদেরকে তাদের মতামত, উদ্বেগ, পরামর্শ ইত্যাদি প্রকাশ করার সুযোগ করে দেওয়া হয়।

১৪. জনসাধারণের অংশগ্রহণ, পরামর্শ ও তথ্য প্রকাশ প্রক্রিয়ার মধ্যে মোট ৭৪ (চুয়াত্তর)টি সভা অনুষ্ঠিত হয়। সম্ভাব্যতা জরিপ এবং ডিজাইন (নকশা প্রণয়ন) তৈরীর পর থেকে প্রকল্প এলাকায় ৭৪টি সভার মধ্যে ০৭ (সাত)টি স্টেকহোল্ডার মতবিনিময় সভা, ২৮ (আঠাশ)টি ফোকাস দলীয় আলোচনা সভা এবং ৩৯ (উনচল্লিশ)টি মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার [Key Informant Interviews (KIIs)] আয়োজন করা হয়েছে। সর্বমোটে ১,২১৮ জন সকল প্রকার মতবিনিময় সভায় অংশগ্রহণ করে মতামত প্রকাশ করেন। প্রকল্পের বাস্তবায়ন কালে মতবিনিময় সভা ও ফোকাসদলীয় আলোচনা সভা(FGD)সমূহ অব্যাহত থাকবে।

## ঙ. নীতি এবং আইনী কাঠামো

১৫. বিশ্ব ব্যাংকের পরিবেশগত ও সামাজিক কাঠামো (ESF) এবং পরিবেশগত ও সামাজিক স্ট্যান্ডার্ড-৫ (ESS5)-এর পাশাপাশি বাংলাদেশ সরকারের আইনি কাঠামো, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ আইন ২০১৭ এর উপর ভিত্তি করে পুনর্বাসন কর্ম পরিকল্পনা তৈরী করা হয়।

## চ. প্রাপ্যতা, সহযোগিতা ও সুবিধাদি

১৬. প্রাপ্যতা, সহযোগিতা ও সুবিধাসমূহ পুনর্বাসন কর্ম পরিকল্পনায় (RAP) একটি প্রাপ্যতা সারণী [Entitlement Matrix (EM)] আকারে তৈরি করা হয়েছে **(রেফারেন্স টেবিল ৪-১)**। প্রস্তুতকৃত প্রাপ্যতা সারণীটি ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল আইন (ARIPA ২০১৭), বিশ্ব ব্যাংকের ESS5, পুনর্বাসন নীতিমালা কাঠামো (RPF), জুলাই ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৪ সময়কালে পরিচালিত শুমারি ও আর্থ-সামাজিক জরিপ এর ভিত্তিতে প্রনীত হয়।

## ছ. স্থানান্তর ও পুনর্বাসন

১৭. এই প্রকল্পের এলাইনমেন্ট অনুসরনে সম্পাদিত শুমারী, ক্ষয়ক্ষতির তালিকা প্রণয়ন (IOL) ও আর্থ-সামাজিক জরিপের ফলাফল এবং প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের জমি থেকে অন্যত্র সরে যাওয়া সম্পর্কিত মতামত, দৃষ্টিভঙ্গি ও প্রতিক্রিয়ার ভিত্তিতে স্থানান্তর ও পুনর্বাসন এর পছন্দসমূহ সনাক্ত করা হয়েছে। অধিগ্রহণের বাহিরে থাকা জমি, সম্পদ ও জীবিকার উৎসসমূহ হতে আয় উপার্জনকে টেকসই করা এবং প্রতিবেশী ও আত্মীয়দের সাথে নৈকট্য অব্যাহত রাখার প্রেক্ষিতে দেখা যায় যে, ২১৬ (৮০.৩০%) ক্ষতিগ্রস্ত টাইটেল ও নন-টাইটেল খানা স্বাধীনভাবে স্থানান্তর হবে, ২৫ (৯.২৯%) ক্ষতিগ্রস্ত খানা প্রকল্পের সহায়তায় স্থানান্তর ও পুনর্বাসনের প্রত্যাশা ব্যক্ত করেছে **(এনেক্স-৪, টেবিল ৪-৩)** । অপরদিকে ৮৪৩ (৭৪.১৩%)ক্ষতিগ্রস্ত টাইটেল ও নন-টাইটেল খানা যারা ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়েছেন তারা স্বউদ্যেগে স্থানান্তর হওয়ার ইচ্ছা পোষন করেছেন এবং ১২৫ (১১.৫৪%) ক্ষতিগ্রস্ত খানা প্রকল্পের সহযোগিতায় স্থানান্তর করার প্রত্যশা ব্যক্ত করেছেন **(এনেক্স-৪, টেবিল ৪-৪)**। আবাসিক-কাম-ব্যবসা ক্ষতিগ্রস্তগন স্বাধীনভাবে স্থানান্তরীকরণ বেছে নিয়েছেন **(এনেক্স-৪, টেবিল ৪-৫)**। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭-এর সাথে সামঞ্জস্য রেখে সকল ক্ষতিগ্রস্ত জমি ও অবকাঠামোর মালিক তাদের ক্ষতিগ্রস্ত জমির ও অবকাঠামোর জন্য আইনসম্মত/নগদ ক্ষতিপূরণ অগ্রাধিকার ভিত্তিতে দাবী করেছেন। অন্যদিকে নন-টাইটেল খানাসমূহকে তাদের ক্ষতিগ্রস্ত অবকাঠামোর জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) কর্তৃক প্রতিস্থাপন মূল্য (RV) এবং পুনর্বাসন সহায়তা প্রদান করা হবে।

১৮. মোট ৬৭টি সামাজিক প্রতিষ্ঠান (সিপিআর)-এর মধ্যে ৫২টি টাইটেল ও ১৫টি নন-টাইটেল। অন্যদিকে ৭৭টি অন্যান্য সত্ত্বাধিকারী এর মধ্যে ২১টি টাইটেল ও ৫৬টি নন-টাইটেল (রেফারেন্স টেবিল ২-৭)। তাদের সকলকে পুনর্বাসন সহায়তা সহ ক্ষতিগ্রস্ত সম্পদের প্রতিস্থাপন মূল্য প্রদান করা হবে এবং তারা স্বউদ্যোগে স্থানান্তরিত হবে।

## জ. আয় ও জীবিকা পুনরুদ্ধার পরিকল্পনা

১৯. মোট ২৪৩টি হতদরিদ্র খানা সনাক্ত করা হয়েছে, যাদের মধ্যে ১৫টি মহিলা প্রধান । সকল হতদরিদ্র খানা সমূহকে অতিরিক্ত সহায়তা প্রদান করার মাধ্যমে জীবিকা ও আয় পুনরুদ্ধারে উৎসাহিত করা হবে। স্বল্প-মেয়াদি আয় ও জীবিকা পুনরুদ্ধার কর্মসূচী এই পুনর্বাসন কর্ম-পরিকল্পনার চতুর্থ অধ্যায়ের ৪.৪ সেকশনে উপস্থাপন করা হয়েছে।

## ঝ. অভিযোগ নিরসন পদ্ধতি

২০. সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) অভিযোগ নিরসন এর জন্য দু'টি স্তরে GRC গঠন করবেন: ১. মাঠ পর্যায় GRC, ও ২. প্রকল্প পর্যায় GRC । উক্ত GRC কর্তৃক সামাজিক, পুনর্বাসন, পরিবেশগত সমস্যা, শ্রম স্বাস্থ্য ও নিরাপত্তা (LHS)-সহ SEA/SH/GBV সম্পর্কিত অভিযোগ ও নালিশ নিরসন করা হবে **(চতুর্থ অধ্যায়ের ৪.৫ সেকশন)**।

## ঞ. জমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের জন্য সম্ভাব্য বাজেট ও বাজেটের উৎস

২১. জমির মূল্যের তিনগুণ ও অন্যান্য ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্যের দ্বিগুণ হিসাব করে ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের জন্য সম্ভাব্য ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ টাকা প্রাক্কালন করা হয় যার মধ্যে শুধু ভূমি অধিগহণের জন্য সম্ভাব্য বাজেটের পরিমান ৬৮৬,৭৯,২৬,৬৩৪.৫১ টাকা এবং পুনর্বাসনের জন্য সম্ভাব্য বাজেটের পরিমান ৩৬,৭৪,৩৩,৩৫৭.১৮। বাজেটের বিস্তারিত বিবরণ **টেবিল ৪-১১** এ উপস্থাপিত হয়েছে। উল্লেখ্য, মন্ত্রণালয় কর্তৃক এই পুনর্বাসন পরিকল্পনা চূড়ান্ত অনুমোদনের পরে এবং বাস্তবায়নের পূর্বে Property Assessment and Valuation Committee (PAVC) কর্তৃক বাজার মূল্য যাচাই-বাছাইয়ের মাধ্যমে এই বাজেট চূড়ান্ত করা হবে এবং বাজেট অনুমোদন সাপেক্ষে RAP বাস্তবায়নে ব্যয় করা হবে। PAVC এর কাঠামো ও কার্যাবলী RAP এর চ্যাপ্টার-৪.৭.১ তে উপস্থাপন করা হয়েছে।

## ট. পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক বিন্যাস

২২. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কাজ করবেন। প্রকল্প পরিচালক প্রকল্প বাস্তবায়ন ইউনিটের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রকল্প বাস্তবায়ন ইউনিটে অতিরিক্ত প্রকল্প পরিচালক (APD) পদ মর্যাদার একজন প্রধান পুনর্বাসন কর্মকর্তা (CRO) হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রধান পুনর্বাসন কর্মকর্তা (CRO) পলিসি গাইডেন্স, সমন্বয়, পরিকল্পনা, পরিবীক্ষণ ও প্রতিবেদন কার্যক্রম পরিচালনা করবেন। মাঠ পর্যায়ে প্রকল্প ব্যবস্থাপক (PM) পুনর্বাসন কর্মকর্তা হিসেবে প্রধান পুনর্বাসন কর্মকর্তাকে সহযোগীতা প্রদান করবেন এবং উপ-প্রকল্প ব্যবস্থাপক, মাঠ কর্মকর্তা এবং অন্যান্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পুনর্বাসন কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-এর পক্ষে সম্পত্তি মূল্যায়ন ও মূল্যনির্ধারণ কমিটির (PAVC) আহ্বায়ক হিসেবে প্রকল্প ব্যবস্থাপক দায়িত্ব পালন করবেন, সম্পত্তি মূল্যায়ন ও মূল্যনির্ধারণ কমিটি (PAVC) ক্ষতিগ্রস্ত এলাকায় প্লট ভিত্তিক জরিপ করবেন, অনুমোদিত পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) এর সকল শ্রেণীর বাস্তুচ্যুত ব্যক্তিদের (DPs) ক্ষতিগ্রস্ত সম্পত্তি/ক্ষতি/মালিকানার প্রকৃত পরিমাণ এবং প্রতিস্থাপন মূল্য (RV) নির্ধারণ/মূল্যায়ন করবেন, জেলা প্রশাসক (DC) অফিসের মূল্যায়নের (Assessment) সাথে PAVC কর্তৃক যৌথ জরীপের তথ্য তুলনা করবেন এবং জীবিকার ক্ষতি ও পুনর্বাসন নির্ধারণ করবেন। সড়ক ও জনপথ অধিদপ্তরের (সওজ) পক্ষ থেকে পুনর্বাসন কর্ম-পরিকল্পনা (RAP) বাস্তবায়নের জন্য একটি এনজিও (NGO)-কে নিয়োজিত করা হয়। প্রকল্পের প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কনসালটেন্ট (PIC) এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-এর অধীনে সেফগার্ড টিম নিয়োজিত থাকবে। ভূমি অধিগ্রহণ প্রস্তাব (LAP) এবং পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) বাস্তবায়নের ক্ষেত্রে এই টিম তদারকির দায়িত্ব পালন করবেন।

## ঠ. পরিবীক্ষণ ও মূল্যায়ন

২৩. পুনর্বাসনের কার্যকর ও দক্ষ বাস্তবায়ন নিশ্চিতকরণে একটি অভ্যন্তরীণ ও বহিঃস্থ পরিবীক্ষণ ব্যবস্থার পরিকল্পনা গ্রহন করা হয়। প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কনসালটেন্ট (PIC) এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-এর নির্দেশনায় বাস্তবায়নকারী এনজিও (INGO) পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নের পদ্ধতিগত ও ধারাবাহিক কার্যাবলী সমূহের প্রাসঙ্গিক ও প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কনসালটেন্ট (PIC) প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) এর সম্মতিক্রমে পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) প্রতিবেদন প্রণয়ন করবেন। প্রকল্পের প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কনসালটেন্ট (PIC) এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) এর অধীনে নিয়োজিত সেফগার্ড টিম সামগ্রিক পুনর্বাসন কার্যক্রম পর্যবেক্ষণ করবেন ও বাস্তবায়নকারী এনজিও (INGO) কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন যাচাই করবেন। বহিঃস্থ পরিবীক্ষণ ব্যবস্থার অংশ হিসেবে সড়ক ও জনপথ অধিদপ্তরের পুনর্বাসন বিভাগ (Resettlement Division), বাংলাদেশ সরকারের ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন ডিভিশন (IMED), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (MoRTB), ফরেন এইডেড প্রজেক্টস অডিট ডিরেক্টরেট (FAPAD) ভূমি অধিগ্রহণ (LA) এবং পুনর্বাসন কর্ম-পরিকল্পনা (RAP) বাস্তবায়ন পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন। বিশ্ব ব্যাংকের Social Safeguard Team এবং বিভিন্ন পর্যায়ক্রমিক মিশনসমূহ ভূমি অধিগ্রহণ ও পুর্নবাসন পরিকল্পনা বাস্তবায়ন পর্যবেক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান করবেন। তৃতীয় স্বাধীন পর্যবেক্ষক এই প্রকল্পের জন্য প্রস্তুতকৃত সমস্ত সামাজিক মানদণ্ডের ডিউ-ডিলিজেন্স প্রতিবেদন পর্যালোচনা করবে। পর্যবেক্ষণ কার্যক্রমের পরিমাণ প্রকল্পের ঝুঁকি এবং প্রভাবের সাথে সমানুপাতিক হবে। পর্যবেক্ষণ প্রক্রিয়ার সময় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে পরামর্শ করা হবে। পর্যায়ক্রমিক পর্যবেক্ষণ প্রতিবেদন প্রস্তুত এবং প্রকাশ করা হবে, এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সময়মতো পর্যবেক্ষণের ফলাফল সম্পর্কে অবহিত করা হবে।

২৪. প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) পর্যায়ক্রমিকভাবে সকল তথ্য/প্রতিবেদন, পর্যবেক্ষণ প্রতিবেদন সহ ভূমি অধিগ্রহণ (LA) এবং পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) বাস্তবায়নের অগ্রগতি ও মূল্যায়ন প্রস্তুত করবেন এবং তাহা বিশ্ব ব্যাংক, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (MoRTB), সড়ক ও জনপথ অধিদপ্তরের (সওজ) প্রধান প্রকৌশলীর কাছে নিয়মিত দাখিল করবেন।

সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পের ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরন ও পুনর্বাসন বাজেট সম্বলিত প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) টি প্রকল্প পরিচালক কর্তৃক প্রধান প্রকৌশলী, সওজ এর দপ্তরে দাখিল করা হয়। প্রধান প্রকৌশলী, সওজ, মহোদয় দাখিলকৃত খসড়া প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অধিকতর যাচাই- বাছাইয়ের নিমিত্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং বরাবরে প্রেরণ করেছেন। মন্ত্রণালয় কর্তৃক গঠিত কারিগরি কমিটি প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) টি যাচাই-বাছাইপূর্বক অনুমোদনের নিমিত্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইংএর সভাপতিত্বে পরবর্তী কার্যক্রম গ্রহনের উদ্দেশ্যে গত ২৪ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখে কমিটির সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে একটি সভার আয়োজন করা হয়। এছাড়াও, সভায় উপস্থিত ছিলেন, প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপকগণ এবং সওজ এর পূর্নবাসন বিষয়ক পরামর্শকগন।

অনুমোদিত সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পের প্রকল্প ছক (ডিপিপি) তে ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরন ও পুনর্বাসন খাতে মোট ৭২৪,৭৯,৪০,০০০.০০ (৭২৪.৭৯৪ কোটি) টাকার সংস্থান রয়েছে ,যার মধ্যে বর্তমান ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরন ও পুনর্বাসন খাতে ৯৫৭৯.৩৫ লক্ষ টাকার সংস্থান রয়েছে।

**অনুমোদিত প্রকল্প ছক (ডিপিপি) এ সংস্থানকৃত অর্থ**

| বিষয় | ব্যয় খাতের নাম | সংস্থানকৃত অর্থের পরিমান (টাকা) | |
|---|---|---|---|
| **প্রকল্প ছক (ডিপিপি) ছক এ সংস্থানকৃত বাজেট** | ভূমি অধিগ্রহণ (২৪৭.১৩ একর) | ৬৯৯,৭৯,৪০,০০০.০০ | |
| | পুনর্বাসন বাবদ | ২৫,০০,০০,০০০.০০ | |
| | **মোট টাকা** | ৭২৪,৭৯,৪০,০০০.০০ | |

**প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা Resettlement Action Plan (RAP) এ Indicative Budget (নির্দেশক/সূচক/সম্ভাব্য) বাজেট**

| বিষয় | ব্যয় খাতের নাম | সংস্থানকৃত অর্থের পরিমান (টাকা) | |
|---|---|---|---|
| **প্রস্তাবিত বাজেটে ছক এ সংস্থানকৃত বাজেট** | ভূমি অধিগ্রহণ (১৬৮.৪৩০৩ একর) | ৬৮৬,৭৯,২৬,৬৩৪.৫১ | |
| | পুনর্বাসন বাবদ | ৩৬,৭৪,৩৩,৩৫৭.১৮ | |
| | **মোট টাকা** | ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ | |
| প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনার বাজেট ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ টাকা যা অনুমোদিত ডিপিপি'র ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন বাবদ মোট বাজেট ৭২৪,৭৯,৪০,০০০.০০ টাকা থেকে (৭২৪,৭৯,৪০,০০০.০০- ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯)= ১২,৫৮০,০০৮.৩১ টাকা কম। | | | |

**অনুমোদিত প্রকল্প ছক (ডিপিপি) এ সংস্থানকৃত অর্থ এবং প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা Resettlement Action Plan (RAP) এ সংস্থানকৃত অর্থের মধ্যে তুলনামূলক বিবরনী**

| অনুমোদিত প্রকল্প ছক (ডিপিপি) অনুসারে ব্যয় খাতের নাম ভূমি অধিগ্রহণ ও জমির পরিমাপ (একর) | অনুমোদিত প্রকল্প ছক (ডিপিপি) এ সংস্থানকৃত অর্থের পরিমান (টাকা) | প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অনুসারে ব্যয় খাতের নাম ভূমি অধিগ্রহণ ও জমির পরিমাপ (একর) | প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) এ সংস্থানকৃত অর্থের পরিমান (টাকা) | পার্থক্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | ৫=(২-৪) | |
| ভূমি অধিগ্রহণ/ক্রয় (২৪৭.১৩ একর) | ৬৯৯,৭৯,৪০,০০০.০০ | ভূমি অধিগ্রহণ/ক্রয় (১৬৮.৪৩০৩ একর) | ৬৮৬,৭৯,২৬,৬৩৪.৫১ | ১৩,০০,১৩,৩৬৫.৪৯ | প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অনুমোদিত হলে ভূমি অধিগ্রহন বাবদ ১৩,০০,১৩,৩৬৫.৪৯ টাকা উদ্বৃত থাকবে। |
| পুনর্বাসন খাত | ২৫,০০,০০,০০০.০০ | পুনর্বাসন খাত | ৩৬,৭৪,৩৩,৩৫৭.১৮ | (-)১১,৭৪,৩৩,৩৫৭.১৮ | প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অনুমোদিত হলে পুনর্বাসন বাবদ ১১.৭৪.৩৩.৩৫৭.১৮ টাকা আরো অতিরিক্ত লাগবে। |
| **মোট টাকা** | ৭২৪,৭৯,৪০,০০০.০০ | **মোট টাকা** | ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ | ১২৫,৮০,০০৮.৩১ | প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অনুমোদিত হলে ভূমি অধিগ্রহন ও পুনর্বাসন বাবদ ১২৫,৮০,০০৮.৩১ টাকা উদ্বৃত থাকবে। |

সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পের প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা Resettlement Action Plan (RAP) এর অন্তর্ভূক্ত সর্বমোট Indicative Budget (নির্দেশক/সূচক/সম্ভাব্য বাজেট ) এর বিস্তারিত RAP এর চাপ্টার-৪ এর টেবিল ৪-১১ উপস্থাপন করা হয়েছে। উল্লেখ্য, মন্ত্রণালয় কর্তৃক এই পুনর্বাসন পরিকল্পনা চূড়ান্ত অনুমোদনের পরে এবং বাস্তবায়নের পূর্বে Property Value Assessment Committee (PAVC) কর্তৃক বাজার মূল্য যাচাই-বাছাইয়ের মাধ্যমে এই বাজেট চূড়ান্ত করা হবে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত পূর্নবাসন বাজেট মূল্যায়নের জন্য বিশেষ কারিগরি কমিটি কর্তৃক যাচাই ও বাছাইঅন্তে অনুমোদনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হবে এবং পেশকৃত প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনাটি Resettlement Action Plan (RAP)অনুমোদিত হলে পরবর্তীতে চূড়ান্ত বাজেট প্রণয়ন ও অনুমোদন সাপেক্ষে উক্ত অর্থ হতে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ ও পুনর্বাসন ব্যয় পরিশোধ করা যাবে।প্রস্তাবিত বাজেট অনুমোদিত হলে পুনর্বাসন খাতের অর্থ হতে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ ও পুনর্বাসন ব্যয় পরিশোধ করা যাবে। সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প (প্রকল্পের অর্থনৈতিক কোড-২২৪৩৭৬৬০০) এর ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরন ও পুনর্বাসন খাতে ( অর্থনৈতিক কোড-৪১৪১১০১ ও ৪১৪১১০২) সর্বমোট (৮৫৭৯.৩৫ লক্ষ + ১০০০ লক্ষ) ৯৫৭৯.৩৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে সংস্থানকৃত এবং ২০২৬-২০২৭ অর্থ বছরে প্রস্তাবিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে সম্ভাব্য সংস্থানকৃত অর্থ হতে ভূমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্তদের ভূমির মূল্য ক্ষতিপূরণ ও পুনর্বাসন ব্যয় পরিশোধ করা যাবে।

**আরো উল্লেখ্য, স্বল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কাজ সম্পন্ন করার জন্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের পক্ষ হতে জোর তাগিদ রয়েছে।**

উল্লেখ্য, সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পের উপর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত পূর্নবাসন বাজেট মূল্যায়নের জন্য বিশেষ কারিগরি কমিটি কর্তৃক যাচাই ও বাছাইঅন্তে প্রদত্ত নিমোক্ত সুপারিশ সমুহের আলোকে পুর্নবাসন কর্ম পরিকল্পনাটি Resettlement Action Plan (RAP) টি সদয় অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। আরো উল্লেখ্য যে, উন্নয়ন সহযোগী বিশ্ব ব্যাংক পুর্নবাসন কর্ম পরিকল্পনাটি Resettlement Action Plan (RAP) টির বিষয়ে সম্মতি প্রদান করেছেন।

**<u>বিশেষ কারিগরি কমিটি কর্তৃক যাচাই ও বাছাই অন্তে প্রদত্ত নিমোক্ত সুপারিশ/শর্ত:</u>**

**<u>১। অনুমোদিত ডিপিপি'র পুনর্বাসন খাতে সংস্থানকৃত অর্থের অতিরিক্ত ব্যয় প্রকল্পের আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয়/ ডিপিপি সংশোধনপূর্বক বাস্তবায়নের শর্ত সাপেক্ষে প্রস্তাবিত পুর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) অনুমোদন করা যেতে পারে।</u>**

সড়ক ও জনপথ অধিদপ্তর,সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত ভূমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পূর্নবাসন কর্ম পরিকল্পনা (RAP) মূল্যায়নের জন্য বিশেষ কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত "সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের পুর্নগঠিত ভূমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) যার প্রাক্কলিত ব্যয় ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ টাকা ( প্রায় ৭২৩.৫৪ কোটি টাকা)। উক্ত ভূমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পুনর্বাসন কর্ম পরিকল্পনাটি (RAP) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গঠিত ভূমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পূর্নবাসন বাজেট মূল্যায়নের জন্য বিশেষ কারিগরি কমিটি কর্তৃক যাচাই, বাছাই ও সুপারিশকৃত । পুর্নগঠিত (ভূমি অধিগ্রহন, ক্ষতিপূরণ ও পুনর্বাসন) কর্ম পরিকল্পনা (RAP) যার প্রাক্কলিত ব্যয় ৭২৩,৫৩,৫৯,৯৯১.৬৯ টাকার (সাতশত তেইশ কোটি তিপান্ন লক্ষ উনষট্টি হাজার নয়শত একানব্বই টাকা উনসত্তর পয়সা)। সংযুক্ত কর্ম পরিকল্পনা (RAP) টি বাস্তবায়নকরী মন্ত্রাণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে সদয় অনুমোদন এবং সুবিবেচনার জন্য সামগ্রিক সকল তথ্যাদিসহ প্রকল্পটির বিশদ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

(মোঃ রেজাউল আলম)
পরিচিতি নং-০০০৪৩৩
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ) সওজ
সোশ্যাল এন্ড এনভায়রনমেন্ট সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ কামরুল আহসান)
পরিচিতি নং-০০৫০৮১
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প
সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

শোয়েব আহমেদ
আইডি নং-০০০৪২৩
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
টেকনিক্যাল সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা